

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির অধিবেশন কক্ষে ৩১/১২/২০১৭ ইং তারিখে সেরা উদ্ভাবনী ধারণা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব অমলেন্দু মুখার্জী। অথরিটির কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ হতে যাচাই-বাছাই করে অথরিটির অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ আনোয়ার হোসেনকে “এম আর এ লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার” ধারণা প্রদানের পাশাপাশি নিজ উদ্যোগে তা তৈরীর জন্য ২০১৭-২০১৮ সালের 'সেরা উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রদানকারী' পুরস্কার প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে এম আর এ পরিচালকবৃন্দসহ সকল কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

